

তারিখ
 পৃষ্ঠা ৬

চট্টগ্রামে টিউশনির ওপরও ভেট দাবি শিক্ষকরা ভীতসন্ত্রস্ত

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস

মো বিন রোড কাউন্সিলার চাঁদাবাজ চক্রের হাত থেকে রক্ষা পাচ্ছে না কলেজ শিক্ষকরাও। প্রাইভেট পড়ুয়া ছাত্রদের মাথাপিছু চাঁদা দাবি করায় শিক্ষকরা ভীতসন্ত্রস্ত হয়ে পড়েছে। শিক্ষকদের অনেকেই ইতোমধ্যে জাড়া বাড়ি ছেড়ে দিতে শুরু করেছে। এলাকাবাসীরা জানান, সরকারী দলের সমর্থক ক্যাডারদের ছত্রছায়ায় কাউন্সিলার একশ্রেণীর চাঁদাবাজ চক্র পূর্বে নির্মাণ কাজের জন্য নানাভাবে চাঁদা আদায় করত। চাঁদাবাজরা ইট-বালি সহ নানা ধরনের সরবরাহ কাজ ভাগিয়ে নিয়ে চাঁদা আদায় করত। কাউন্সিলার চাঁদাবাজ চক্র গত কয়েকদিন ধরে নতুন ধরনের চাঁদাবাজি শুরু করেছে। চাঁদাবাজ চক্র কাউন্সিলার অবস্থানরত অধ্যাপকের বাসায় ঘন ঘন চাঁদা দাবি করছে। তারা শিক্ষকদের কাছে দাবি করছে ছাত্রছাত্রীপ্রতি ১শ' টাকা করে চাঁদা। না দিলে বিভিন্ন হুমকিধমকি দেয়া হচ্ছে শিক্ষকদের। এখানে প্রায় ১০ জন শিক্ষক রয়েছেন। সকালে ও বিকালে বিভিন্ন ব্যাচে ভাঁপে, কাছে শতাধিক ছাত্রছাত্রী নিয়মিত পড়াশোনা করে। চাঁদাবাজরা শিক্ষকদের ওপর চাঁদাবাজির হুমকি সেময় মনে শিক্ক জটিল হয়ে পড়েছেন। তারা চাঁদাবাজির ভয়ে বাসা পরিবর্তনেও বাধ্য হচ্ছেন। চাঁদাবাজি উৎপাতে কাউন্সিলার অনেক বাড়িওয়ানা ফুক হয়েছেন বিরা অভিযোগ করেন সরকারী দলের ছত্রছায়ায়

ক্যাডাররা তাদের তৎপরতা চালাচ্ছে। পুলিশ নির্বিকার ভূমিকা পালন করায় চাঁদাবাজরা দিন দিন ক্ষিপ্ত হয়ে উঠছে। তাদের অপতৎপরতার সামনে জাড়াটে বাড়িওয়ানা চাঁদাবাজদের হাত থেকে রেহাই পাবে না বলে আশঙ্কা করা হচ্ছে।

সন্ত্রাসী হামলায় ছাত্রলীগ নেতা জখম

সন্ত্রাসীদের হামলায় নগরীর এক ছাত্রলীগ নেতা যারাজকভাবে জখম হয়েছে। স্থানীয় একটি ক্লিনিকে তার চিকিৎসা চলছে। রবিবার দুপুরে এ ঘটনা ঘটে। ছাত্রলীগ নেতৃবৃন্দ এ হামলায় নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ছাত্রদলের চিহ্নিত সন্ত্রাসী তমাল ও মনার নেতৃত্বে এ ঘটনা ঘটেছে বলে দাবি করেছে। সূত্র জানায়, চট্টগ্রাম আইন কলেজ ছাত্র সংসদের সাবেক এজিএস মহানগর ছাত্রলীগ নেতা মাহাবুব আলম পাড়েলের ওপর একদল সন্ত্রাসী অতর্কিতে হামলা চালায়। নগরীর টাইগার পাস এলাকায় একটি কুশিং কর্নারে বসা অবস্থায় তার ওপর হামলা হয়। তাকে নগরীর একটি ক্লিনিকে ভর্তি করা হয়েছে। এদিকে চট্টগ্রাম মহানগর ছাত্রলীগ স্টিয়ারিং কমিটির এক বিবৃতিতে হামলার নিন্দা জানানো হয়েছে। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, দেশব্যাপী সরকারদলীয় সন্ত্রাসীরা একের পর এক খুন-রাহতজানি চালাচ্ছে। এরই ধারাবাহিকতায় হামলা চালালো হয়েছে পাড়েলের ওপর। তারা হামলাকারীদের অবিলম্বে শ্রোফতার ও শাস্তি দাবি করেন।